তারিখ ... ৬।৫।৮৫ ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ১ ...

দৈনিক বাংলা

# শিক্ষার হার বাড়ানোর উদ্যোগ সফল হয়নি

।। আহমেদ নূরে আলম ।।

**শিক্ষার নিম্নহার বাংলাদেশের** উন্নয়নের পথে প্রবল অন্তরায় হয়ে দাঁড়িয়েছে মন্তব্য করে বিশ্ব ব্যাংকের এক সাম্প্রতিক প্রতিবেদনে বলা হয়েছে, শিক্ষার হার বাড়াতে সরকারের প্রয়াস ব্যাপকভাবে অসফল হয়েছে। ফলে শিক্ষার হার মোটামুটি একই স্থানে ঠায় দাঁড়িয়ে রয়েছে। মোট জনসংখ্যার মধ্যে বর্তমানে শিক্ষিতের হার শতকরা ২৪ ভাগ।

প্রতিবেদনে আরও বলা হয়েছে যে, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় কমপক্ষে দেশের শতকরা ৮০

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষার হার

(১ম পৃঃ পর)

ভাগ লোক অর্থাৎ ৪ কোটি নিরক্ষরকে কার্যকরভাবে শিক্ষিত নাগরিকে পরিণত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। কিন্তু এ লক্ষ্যমাত্রা অবাস্তব হওয়ার বছর দুয়েক বাদে তা পরিত্যাগ করতে হয়।

এ প্রসঙ্গে প্রতিবেদনে মন্তব্য করা হয়, শিক্ষার হার বাড়ানোর প্রয়াসের অভিজ্ঞতা থেকে এটা বলা যায় যে শুধুমাত্র নিরক্ষরতা দূর করার লক্ষ্যে সাক্ষরতা অভিযান তেমন কোনো আবেদন সৃষ্টি করেনি। তবে এটাও দেখা গেছে, যে শিক্ষণ কার্যক্রমে অধিকতর উপার্জনের সুযোগ রয়েছে তা শিক্ষা গ্রহণকারীদের আকর্ষণ করেছে।

বয়স্ক শিক্ষার ব্যাপারে প্রতিবেদনে মন্তব্য করা হয় যে এতে উদ্বুদ্ধকরণ ও উৎসাহ প্রদানের অভাব ছিল। প্রচলিত বয়স্ক শিক্ষা পদ্ধতিও ফলপ্রসূ নয় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থাও গরীব ও ভূমিহীনদের নাগালের বাইরে।